

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৭৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমাদের পূর্ববর্তীদের উপর জুমু'আহ ফর্য করা হলে, তারা মতভেদে লিপ্ত হয়

ذِكْرُ اخْتِلَافِ مَنْ قَبْلَنَا فِي الْجُمْعَةِ حَيْثُ فُرضت عليهم

আরবী

2773 _ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (نَحْنُ السَابقون يوم القيامة بَيْدَ أنهم أوتو الْكِتَابَ مِنْ قَبْلِنَا وَأُوتِينَاهُ مِنْ بَعْدِهُمْ فَهَذَا يَوْمُهُمُ الَّذِي فُرِضَ عَلَيْهِمْ فَاخْتَلَفُوا فِيهِ فَهَدَانَا اللَّهُ لَهُ فَهُمْ لَنَا فِيهِ تَبَعٌ الْيَهُودُ غداً والنصارى بعد غد)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2773 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق على نهاية السول)) (49).

سَمِعْتُ مُوسَى بْنَ مُحَمَّدٍ الدَّيْلَمِيَّ بِأَنْطَاكِيَّةَ يَقُولُ: سَمِعْتُ الْمُزَنِيُّ يَقُولُ: (بَيْدَ): مِنْ أَجل.

বাংলা

২৭৭৩. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আমরা কিয়ামতের দিন (অন্যান্য জাতীর উপর) অগ্রগামী হবো। এই কারণে যে, তাদেরকে আগে কিতাব দেওয়া হয়েছে আর আমাদেরকে কিতাব পরে দেওয়া হয়েছে। এটা হলো সেই দিন যা তাদের উপর ফরয করা হয়েছিল অতঃপর তারা তাতে মতভেদে লিপ্ত হয়। মহান আল্লাহ আমাদেরকে হেদায়েত দান করেছেন। কাজেই তারা আমাদের অনুগামী। ইয়াহুদিরা পরের দিন আর খ্রীষ্টানরা তার পরের দিন (পালন করে)।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আমি মুসা বিন মুহাম্মাদ দাইলামীকে আনতাকিয়াতে বলতে শুনেছি,



তিনি বলেছেন, "يَيْدُ অর্থ এই কারণে।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৭৪; সহীহুল বুখারী; ৬৬২৪; সহীহ মুসলিম: ৮৫৫; নাসাঈ: ৩/৮৫; ইবনু মাজাহ: ১০৮৩; দারাকুতনী: ২/৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৭৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন